

‘আত্মকর্মে যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি’
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬. ৩৩.০৬৩.১৫-৯২৯

তারিখ : ০৭/৪/১৭


বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরে যুবসংগঠনসমূহের মাঝে অনুদান প্রদানের লক্ষ্যে চাহিত সংগঠনের প্রস্তাব প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ ১৬ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের অনুন্নয়ন খাত থেকে যুবসংগঠনসমূহের মাঝে অনুদান প্রদানের লক্ষ্যে ০৯ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য অত্র কার্যালয়ের ২৫ জানুয়ারি ২০১৭ তারিখের ৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৬৩.১৫-১৭.১/১(৪) স্মারকমূলে নির্দেশনা দেয়া হয়েছিল এবং অত্র বিষয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) সংক্রান্ত ত্রৈমাসিক সভায় আলোচনা করা হয়েছিল। ফলে ৫৮টি জেলা হতে প্রস্তাব পাওয়া গেলেও নিম্নোক্ত ০৬(ছয়)টি জেলা হতে প্রস্তাব পাওয়া যায়নিঃ

“টাঙ্গাইল, ময়মনসিংহ, বগুড়া, গাইবান্ধা, খুলনা, মাগুরা”।

০২। উল্লেখ্য, ২০১৬-২০১৭ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের কার্যালয়ের সাথে মাঠ পর্যায়ের উপ-পরিচালকের কার্যালয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সংশ্লিষ্ট কার্যক্রমটি অন্তর্ভুক্ত। এক্ষেত্রে চুক্তি স্বাক্ষরকারী পক্ষ হিসেবে তাঁর এ ধরনের কার্যক্রম সুষ্ঠু অফিস ব্যবস্থাপনা ও সরকারি কার্যক্রমের গতিশীলতা আনয়নের প্রতিবন্ধক।

০৩। এমতাবস্থায়, ধার্যকৃত সময়ের মধ্যে প্রস্তাব না প্রেরণের কারণ ব্যাখ্যাসহ আগামী ১৬ এপ্রিল, ২০১৭ তারিখের মধ্যে যথোপযুক্ত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আখতার আলী সরকার)
পরিচালক

(বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন)

ফোন : ৯৫৫৩২৮৮।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

টাঙ্গাইল/ময়মনসিংহ/বগুড়া/গাইবান্ধা/খুলনা/মাগুরা জেলা।

বিতরণ :

- ০১। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। অফিস কপি।